NEW YORK STATE | Department of Health

COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থায় ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবার জন্য অন্তর্বর্তী নির্দেশনা

আপনি এই নথিটি পরে আপনি নীচে নিশ্চিত করতে পারেন।

26 জুন 2020 এর হিসেবে

উদ্দেশ্য

COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থায় ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবরার জন্য এই অন্তর্বর্তী নির্দেশনা ("COVID-19 ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবরা এবং বিশ্বাস-ভিত্তিক প্রতিষ্ঠান পরিচালনার জন্য অন্তর্বর্তী নির্দেশিকা") তৈরি করা হয়েছিল বিশ্বাস নেতা এবং ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবার পরিচালনাকারী এবং তাদের কর্মী, ঠিকাদার, স্বেচ্ছাসেবক এবং অংশগ্রহণকারীদের সাবধানতা অবলম্বনের জন্য যাতে ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবা পুনরায় খোলার পর COVID-19 এর বিস্তার থেকে তাদের রক্ষা করা যায়। এই নির্দেশিকা দাফন এবং কমিটাল সেবা সহ সকল ধর্মীয় এবং শেষকৃত্য সমাবেশের ক্ষেত্রে প্রযোজ্য।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম প্রয়োজনীয়তা এবং নিয়োগকর্তা অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকাগুলি প্রকাশনার সময় সর্বাধিক পরিচিত গণস্বাস্থ্য অনুশীলনের উপর ভিত্তি করে, এবং যেই নথির উপর নির্ভর করে এই নির্দেশিকা তৈরি হয়েছে তা প্রায়শই পরিবর্তন হতে পারে এবং পরিবর্তন হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষ – নিচে সংজ্ঞায়িত অনুযায়ী – ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবা সংক্রান্ত সব স্থানীয়, স্টেট এবং ফেডারেল প্রয়োজনীয়তা পালন করার জন্য দায়বদ্ধ। দায়বদ্ধ পক্ষ এই প্রয়োজনীয়তায় যেকোনো হালনাগাদকরণের সাথে সঙ্গত থাকার জন্য দায়বদ্ধ, সেইসাথে ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবা কার্যক্রমের এবং/অথবা সাইটের নিরাপত্তা পরিকল্পনা মধ্যে তা অন্তর্ভুক্ত করার জন্যও দায়বদ্ধ থাকবে।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দূরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। 29 মে, 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.34 জারি করেন, যা ব্যবসা অপারেটর/মালিকদের যারা মুখ না ঢেকে বা মুখাবরণ বা মাস্কের প্রয়োজনীয়তা মেনে চলতে ব্যর্থ হয় তাদের ঢুকতে বাধা দিতে অনুমোদন দেয়।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনস্বাস্থ পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 মে, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে স্টেটের বিভিন্ন অঞ্চলে পুনরায় খোলার দ্বিতীয় পর্যায় শুরু হবে এবং একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন করার ঘোষণা করেছেন যা নিউ ইয়র্কবাসীদের সরকারী কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য স্টেটের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করবে যাতে নিরাপদে পুনরায় খোলা নিশ্চিত করার জন্য ভাইরাসটি কিভাবে সংবরণ করা যেতে পারে তা চলমান ভিত্তিতে পর্যবেক্ষণ করা যায়। 11 জুন, 2020, তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে পুনরায় খোলার তৃতীয় পর্যায় আরম্ভ হবে।

নিম্নলিখিত মান ছাড়াও, স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে দায়িত্বশীল ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবরার মান

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি ন্যূনতম রাজ্যের মান ব্যতীত কোনো ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবা কার্যক্রম পরিচালিত হতে পারবে না।

এই নির্দেশিকার মধ্যে থাকা স্টেটের মান COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় পরিচালিত সকল ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবার ক্ষেত্রে প্রযোজ্য যতক্ষণ না স্টেট কর্তৃক বাতিল বা সংশোধন করা হয়। ধর্মীয় এবং শেষকৃত্য পরিষেবার অপারেটর, অথবা অন্য কোন পার্টি অপারেটর দ্বারা মনোনীত হতে পারে (উভয় ক্ষেত্রে, "দায়বদ্ধ পক্ষ") এই মানদণ্ড পূরণের দায়িত্ব পালন করবে।

নিম্নলিখিত নির্দেশিকা তিনটি পৃথক শ্রেণি ঘিরে সংগঠিত হয়: মানুষ, স্থান, এবং প্রক্রিয়া।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, যেকোনো ধর্মীয় বা শেষকৃত্য সেবার জন্য জমায়েত/উপস্থিতির সংখ্যা সীমাবদ্ধ থাকে এর মধ্যেঃ
  - পর্যায় 1 এ থাকা অঞ্চলের জন্য, অভ্যন্তরে বা বাইরে অনুষ্ঠিত যেকোনো সেবার জন্য 10 জনের বেশি নয়।
  - পর্যায় 2 এবং 3 এ থাকা অঞ্চলের জন্য অভ্যন্তরে অনুষ্ঠিত সেবার জন্য সার্টিফিকেট অব অকুপ্যান্সি দিয়ে নির্ধারিত একটি নির্দিষ্ট এলাকার ধারণক্ষমতার 25% এর বেশি নয় এবং বাইরে অনুষ্ঠিত সেবার জন্য 25 জনের বেশি নয়।

- পর্যায় 4 এ থাকা অঞ্চলের জন্য অভ্যন্তরে অনুষ্ঠিত সেবার জন্য সার্টিফিকেট অব অকুপ্যান্সি দিয়ে নির্ধারিত একটি নির্দিষ্ট এলাকার ধারণক্ষমতার 33% এর বেশি নয় এবং বাইরে অনুষ্ঠিত সেবার জন্য 50 জনের বেশি নয়।
  - যদি পৃথক ভবন ব্যবহার করা হয়, তাহলে দায়বদ্ধ পক্ষ পর্যায় 1 এ থাকা অঞ্চলের জন্য একই সময়ে পৃথক ভবনে 10 জনের একাধিক দল; পর্যায় 2 এবং 3 এ থাকা অঞ্চলের জন্য সর্বোচ্চ ধারণক্ষমতার 25% এর একাধিক দল; বা পর্যায় 4 এ থাকা অঞ্চলের জন্য সর্বোচ্চ ধারণক্ষমতার 33% এর একাধিক দল রাখতে পারবে, যদি ভবনগুলির পৃথক প্রবেশ এবং প্রস্থানদ্বার নির্দিষ্ট থাকে এবং দলগুলি একে অপরের সাথে যোগাযোগ না করে।

- দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে সব সময় সকল ব্যক্তির মধ্যে অন্তত ছয় ফুট দূরত্ব বজায় রাখা হয়, যদি না মূল কার্যকলাপের নিরাপত্তার জন্য একটি স্বল্প দূরত্বের প্রয়োজন হয় (উদাহরণস্বরূপ শব বহন) বা ব্যক্তিরা একই পরিবারের সদস্য হয়। যদিও, যে কোন গানের কার্যকলাপের ক্ষেত্রে ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত বারো ফুট দূরত্ব প্রদান করতে হবে, অতিরিক্ত প্রতিরক্ষামূলক ব্যবস্থা সাপেক্ষে, যে কোন সময় কর্মচারী, স্বেচ্ছাসেবক, এবং/অথবা অংশগ্রহণকারীদের অন্য ব্যক্তির ছয় ফুটের মধ্যে আসতে হবে, (অথবা বারো ফুট যদি গানের ক্ষেত্রে হয়) গ্রহণযোগ্য মুখাবরণ পরিধান করতে হবে, যদি না তারা একই পরিবারের সদস্য হয়।. কর্মচারী,স্বেচ্ছাসেবক এবং/অথবা অংশগ্রহণকারীদের অবশ্যই মুখ ঢেকে রাখার জন্য প্রস্তুত থাকতে হবে যদি অন্য কেউ অপ্রত্যাশিতভাবে ছয় ফুটের মধ্যে আসে (উদাহরণস্বরূপ যখন আসনে বসার জন্য হাঁটতে হয়)। (নিচে দেখুন)।
  - COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষার জন্য জন্য গ্রহণযোগ্য মুখ আবরণের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, কাপড়-ভিত্তিক মুখ আবরণ এবং ডিসপোজেবল মাস্ক যা মুখ এবং নাক উভয় ঢেকে রাখে।

- দায়বদ্ধ পক্ষ স্টেশনের ব্যবহার পরিবর্তন করতে পারে এবং/অথবা স্টেশনের ও এবং বসার জায়গার সংখ্যা সীমাবদ্ধ করতে পারে (উদাহরণস্বরূপ পোডিয়াম) যাতে কর্মী, স্বেচ্ছাসেবক এবং অংশগ্রহণকারীরা সব দিক থেকে অন্তত ছয় ফুট ব্যবধানে থাকে (যেমন পাশাপাশি, এবং যখন একে অপরের মুখোমুখি হয়) এবং ব্যবহারের পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ ছাড়া স্টেশন বা আসন ভাগাভাগি করা যাবে না ,যদি না সকল ব্যক্তি একই পরিবারের সদস্য হয় (অর্থাৎ, একই পরিবারের সদস্যদের একসাথে বসতে দেওয়া যাবে, যদি অন্য পরিবারের সদস্যদের থেকে ছয় ফুট দূরত্ব বজায় রাখা হয়)। যখন স্টেশনের মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব নয় (যেমন সাউন্ড বুথ),দায়বদ্ধ পক্ষকে অবশ্যই মুখাবরণ সরবরাহ করতে হবে এবং/অথবা শারীরিক প্রতিবন্ধকতা, যেমন প্লাস্টিক শিল্ডিং দেয়াল তৈরি করতে হবে, যেখানে এগুলি বায়ু প্রবাহ, শীতাতপ নিয়ন্ত্রণ বা ভেন্টিলেশন প্রভাবিত করবে না।
  - যদি ব্যবহার করা হয়, তাহলে OSHA নির্দেশাবলী অনুযায়ী শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা উচিত।
  - শারীরিক প্রতিবন্ধকতার অন্তর্ভুক্ত হতে পারে: স্ট্রিপ পর্দা, প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপকরণ, বা অন্যান্য জলরোধী বিভাজন বা পার্টিশন।

- দায়বদ্ধ পক্ষকে একই সময়ে একাধিক ব্যক্তির ছোট সীমাবদ্ধ স্থান (যেমন যানবাহন, এলিভেটর) ব্যবহার নিষিদ্ধ করা উচিত, যদি না একই সময়ে এই ধরনের স্থানের সকল কর্মচারী গ্রহণযোগ্য মুখাবরণ পরিধান করে। যদিও, মুখাবরণ ব্যবহার করা সত্তেও জনসংখ্যা এলাকার বা যানবাহনের সর্বোচ্চ ক্ষমতার 50% অতিক্রম করতে পারবে না, যদি না এটি একটি একক ব্যবহারকারীর ব্যবহারের জন্য ডিজাইন করা হয়। দায়বদ্ধ পক্ষের উচিত নিরাপত্তা প্রোটোকল বজায় রেখে যত বেশি বাইরের বাতাস ঢোকার ব্যবস্থা করে বায়ু চলাচল বৃদ্ধি করা (যেমন জানালা এবং দরজা খোলা)। দায়বদ্ধ পক্ষের উচিত লিফটের ওয়েটিং এলাকায় সমাবেশ প্রতিরোধ এবং লিফটের ঘনত্ব সীমিত করার জন্য অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা, যেমন সিঁড়ি ব্যবহার সক্রিয় করা।

- দায়বদ্ধ পক্ষকে সংকীর্ণ রাস্তা, বারান্দা, বা ফাঁকা জায়গায় তীর দিয়ে টেপ বা চিহ্ন ব্যবহার করে দ্বি-মুখী চলাচল কমানোর ব্যবস্থা রাখতে হবে, এবং সাধারণত ব্যবহৃত এলাকায় বা যেসব জায়গায় সাধারণত লোকজন জড় হয়

বা লাইনে দাড়ায় (যেমন বিশ্রাম কক্ষ, প্রবেশ পথ, স্বাস্থ্য পরীক্ষা স্টেশন ইত্যাদি) সেখানে ছয় ফুট পর পর দূরত্বের চিহ্ন দিতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে সারা ফ্যাসিলিটি জুড়ে চিহ্ন লাগাতে হবে, যা DOH এর COVID-19 চিহ্নের সাথে সামঞ্জস্যপূর্ণ। দায়বদ্ধ পক্ষ তাদের কর্মক্ষেত্র বা সেটিং-এর উপর ভিত্তি করে নিজেদের কাস্টমাইজড চিহ্ন তৈরি করতে পারে, এই ধরনের চিহ্ন ডিপার্টমেন্টের চিহ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। ব্যক্তিদের নিম্নোক্ত বিষয়গুলি মনে করিয়ে দেওয়ার জন্য চিহ্নের ব্যবহার করা উচিত:
    - যখন ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না তখন মুখাবরণ দিয়ে তাদের নাক এবং মুখ ঢেকে রাখুন।
    - PPE সঠিকভাবে রাখা এবং যখন প্রয়োজন, তা বাতিল করুন।
    - শারীরিক দূরত্বের নির্দেশাবলী মেনে চলুন।
    - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
    - হাতের পরিচ্ছন্নতা এবং পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করুন।
    - যথাযথ শ্বাস-প্রশ্বাসের পরিচ্ছন্নতা এবং কাশির শিষ্টাচার অনুসরণ করুন।
    - সেবা বা প্রার্থনার সময় বিভিন্ন পরিবারের সদস্যদের হাত ধরা বা হাত মেলানো নিষিদ্ধ করুন।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিম্নলিখিত নিয়ম অনুযায়ী সশরীরে সমবেত হওয়া সীমিত করতে হবে (যেমন অনুশীলন, মণ্ডলীর সমাবেশ) অন্যান্য পদ্ধতি যেমন ভিডিও, টেলিকনফারেন্সিং বা ড্রাইভ ইন সেবার মতো পদ্ধতি ব্যবহার করা, CDC-র নির্দেশিকা অনুযায়ী "করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর বিরুদ্ধে পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার জন্য ব্যবসা ও নিয়োগকারীদের জন্য অন্তর্বর্তী নির্দেশিকা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019।
    - পর্যায় 1 এ থাকা অঞ্চলের জন্য, অভ্যন্তরে বা বাইরে অনুষ্ঠিত যেকোনো সেবার জন্য 10 জনের বেশি নয়।
    - পর্যায় 2 এবং 3 এ থাকা অঞ্চলের জন্য অভ্যন্তরে অনুষ্ঠিত সেবার জন্য সার্টিফিকেট অব অকুপ্যান্সি দিয়ে নির্ধারিত একটি নির্দিষ্ট এলাকার ধারণক্ষমতার 25% এর বেশি নয় এবং বাইরে অনুষ্ঠিত সেবার জন্য 25 জনের বেশি নয়।
    - পর্যায় 4 এ থাকা অঞ্চলের জন্য অভ্যন্তরে অনুষ্ঠিত সেবার জন্য সার্টিফিকেট অব অকুপ্যান্সি দিয়ে নির্ধারিত একটি নির্দিষ্ট এলাকার ধারণক্ষমতার 33% এর বেশি নয় এবং বাইরে অনুষ্ঠিত সেবার জন্য 50 জনের বেশি নয়।

- দায়বদ্ধ পক্ষকে সীমাবদ্ধ এলাকায়, যেমন বিশ্রামকক্ষ এবং ব্রেকরুম-এ পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং

- দায়বদ্ধ পক্ষকে যে কোন জমায়েতের সময়ে (যেমন, কফি বিরতি, শিফটের শুরু/শেষ) সামাজিক দূরত্ব (যেমন, ছয় ফুট জায়গা) পালন করার জন্য কর্মী এবং স্বেচ্ছাসেবকদের জন্য বিভিন্ন শিডিউল দিতে হবে।

C. সমাবেশের সক্রিয়তা

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই আন্তঃব্যক্তিগত যোগাযোগ এবং সমাবেশ কমানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে, যেমন:

- যাদের থাকা প্রয়োজন শুধুমাত্র সেই সমস্ত কর্মচারী/স্বেচ্ছাসেবকদের জন্য সশরীরে উপস্থিতি সীমিত করা;
- বাইরে সেবা আয়োজন করা, যখন সম্ভব (যেমন ধর্মীয় সমাবেশের জন্য আউটডোর সার্ভিস, অথবা শেষকৃত্যের জন্য কেবল কবরের পাশের সার্ভিস);
- সামাজিক দূরত্ব নির্দেশিকা বজায় রাখার জন্য অন-সাইট উপস্থিতি হ্রাস করা;
- দূরবর্তী সেবা অপশন প্রদান করা (যেমন লাইভ স্ট্রিমিং, AM/FM সম্প্রচার);
- ড্রাইভ-ইন সেবাসমূহের সুযোগ দেওয়া:
  - নিশ্চিত করুন যে অংশগ্রহণকারীরা যে গাড়িতে এসেছেন সেখানে থাকবেন।
  - অংশগ্রহণকারীদের যাজক, কর্মচারী বা অন্যান্য যানবাহনের অংশগ্রহণকারীদের সাথে শারীরিকভাবে মিথস্ক্রিয়া করা উচিত নয়।
  - যানবাহনে শুধুমাত্র একটি পরিবারের সদস্য থাকা উচিত;
  - গাড়ি অবশ্যই কমপক্ষে 6 ফুট দূরে থাকতে হবে, অথবা বিকল্প পার্কিং স্পেস ব্যবহার করতে হবে।
- সার্ভিসের একাধিক সময় প্রদান, যার মধ্যে রয়েছে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য পৃথক সময় (উদাহরণস্বরূপ 70 বছরের বেশী বয়সী, যাদের অন্তর্নিহিত স্বাস্থ্য সমস্যা আছে, অথবা যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা সীমিত;
- ধারণক্ষমতা পরিচালনার জন্য পূর্বে সাইন-আপকে উৎসাহিত করা;
- যে সব কাজে সামাজিক দূরত্ব বজায় রাখা যায় সেগুলিকে যেসব কাজে সামাজিক দূরত্ব বজায় রাখা যায় না সেগুলির উপর অগ্রাধিকার দেওয়া;
- কাজের সময়সূচি বিভিন্ন করা এবং দখলকৃত এলাকা নির্দেশ করার জন্য চিহ্ন ব্যবহার করে একটি এলাকায় কর্মরত একাধিক ব্যক্তি এবং/অথবা দল এড়িয়ে চলা; এবং/অথবা
- বিভিন্ন পরিবারের সদস্যদের মধ্যে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগ প্রয়োজন এমন পদ্ধতি বা ভাগাভাগি করা বস্তু পরিবর্তন বা অপসারণ করা, যেমন:
  - দুটি জায়গার মধ্যে একটি গাড়ি বা লিমুজিন রাইড শেয়ার করা;
  - অনুষ্ঠান বা সেবার আগে, চলাকালীন বা পরে অংশগ্রহণকারীদের জন্য খাদ্য এবং পানীয় সরবরাহ করা।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই গান, উদাহরণস্বরূপ, একটি কয়ার, একক, ক্যান্টর বা মিউজিক্যাল অনসেম্বল জড়িত কার্যকলাপ সীমিত করতে হবে, যদি না ব্যক্তিদের মধ্যে অন্তত 12 ফুট দূরত্ব বজায় রাখা যায় বা অতিরিক্ত দূরত্ব বা শারীরিক প্রতিবন্ধকতা শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে তরলের সঞ্চালন হ্রাস করতে পারে।

D. চলাচল ও কর্ম

- দায়বদ্ধ পক্ষকে পিক-আপ এবং ডেলিভারির জন্য নির্দিষ্ট এলাকা স্থাপন করতে হবে, সম্ভাব্য ক্ষেত্রে যোগাযোগ সীমিত করতে হবে।
- দায়বদ্ধ পক্ষের অন-সাইট মিথস্ক্রিয়া সীমিত করা উচিত (উদাহরণস্বরূপ, যে সমস্ত ব্যক্তি প্রাঙ্গণ থেকে চলে যাচ্ছেন এবং যারা প্রবেশ করছেন তাদের জন্য পৃথক প্রস্থান এবং প্রবেশদ্বারের ব্যবথা রাখা) এবং চলাচল সীমিত করা উচিৎ s (যেমন ব্যক্তিদের উচিৎ নিজেদের স্টেশন বা সিটের কাছে যথাসম্ভব থাকা)।

II. জায়গা

A. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই গ্রহণযোগ্য মুখাবরণ সংগ্রহ করতে, তৈরি করতে বা অন্যথায় অর্জন করতে হবে এবং এই ধরনের আবরণ কর্মক্ষেত্রে থাকাকালীন কর্মচারীদের বিনা মূল্যে প্রদান করা উচিত। দায়বদ্ধ পক্ষগুলির কাছে মুখের আবরণ, মাস্ক এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE)-এর পর্যাপ্ত যোগান থাকা উচিত, যদি কোনো কর্মচারীর প্রতিস্থাপন প্রয়োজন বা একজন দর্শনার্থী বা উপস্থিত ব্যক্তির তা প্রয়োজন হয়। গ্রহণযোগ্য মুখাবরণের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু এর মধ্যে সীমাবদ্ধ নয়, কাপড় (উদা: বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, কুইক কাটা, ব্যান্ডানা), সার্জিক্যাল মাস্ক, এবং ফেস শিল্ড।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সকল অংশগ্রহণকারী মুখাবরণ ব্যবহার করবে যা নাক এবং মুখ কে পুরোপুরি ঢেকে রাখবে যদি না তা চিকিৎসার কারণে ব্যক্তির স্বাস্থ্য বা নিরাপত্তার পরিপন্থী হবে, অথবা অংশগ্রহণকারীর বয়স দুই বছরের কম হয়।
  - বসার সময় ছাড়া সব সময় মুখাবরণ পরা প্রয়োজন, যদি সকল ব্যক্তি নিজের পরিবারের সদস্যদের ছাড়া ছয় ফুট ব্যবধানে থাকে। বিশ্বাস নেতা, পরিচালক, স্বেচ্ছাসেবক এবং/অথবা অংশগ্রহণকারীদের অবশ্যই মুখ ঢেকে রাখার জন্য প্রস্তুত থাকতে হবে যদি অন্য কেউ অপ্রত্যাশিতভাবে ছয় ফুটের মধ্যে আসে (উদাহরণস্বরূপ যখন আসনে বসার জন্য হাঁটতে হয়)।

- মুখাবরণ ব্যবহারের পর পরিষ্কার বা প্রতিস্থাপন করতে হবে এবং ভাগাভাগি করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখাবরণ এবং অন্যান্য ধরনের PPE সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন, একইসাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলী।

- দায়বদ্ধ পক্ষকে যারা ধর্মীয় অনুষ্ঠান পরিচালনা করবে তাদের নিজস্ব গ্রহণযোগ্য মুখাবরণ ব্যবহার করতে অনুমতি দিতে হবে কিন্তু কর্মীদের তাদের নিজের মুখ আবরণ সরবরাহ করতে বাধ্য করতে পারবে না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মচারী, পরিচালক, স্বেচ্ছাসেবক বা অংশগ্রহণকারীদের তাদের ব্যক্তিগত মালিকানাধীন অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন সার্জিক্যাল মাস্ক বা ফেস শিল্ড) পরতে বাধা দেবেনা।

- দায়বদ্ধ পক্ষের উচিত বস্তু ভাগাভাগি সীমিত করার জন্য ব্যবস্থা গ্রহণ করা, যেমন ধর্মীয় পাঠ্য, সংগ্রহ প্লেট, এবং অন্যান্য উপাদান,সেইসাথে ভাগাভাগি করা পৃষ্ঠের স্পর্শ, যেমন পিউ, যন্ত্রপাতি, দরজা, এবং রেলিং; অথবা, সেগুলি স্পর্শ করার সময় কর্মী এবং স্বেচ্ছাসেবকদের গ্লাভস পরতে বাধ্য করা বা স্পর্শের পর কর্মী, স্বেচ্ছাসেবক এবং উপস্থিত ব্যক্তিদের হাত জীবাণুমুক্ত করা বা হাতে ধুতে বাধ্য করা উচিৎ।

- যদি গাউন বা অন্যান্য পোশাক সরবরাহ করা হয়, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সেগুলি পরিষ্কার এবং ব্যবহারের পর ধোয়া হয়।

- দায়বদ্ধ পক্ষ উপাদান ভাগাভাগি সীমিত করতে নিম্নলিখিত পদ্ধতিগুলি বাস্তবায়ন করতে পারে:
  - সঠিক দূরত্ব প্রোটোকল সহ কেন্দ্রীয় অবস্থানে দান প্লেট/বাক্স রাখুন;
  - পিউ বা বেঞ্চ থেকে ধর্মীয় গ্রন্থগুলি সরিয়ে ফেলুন, এবং মণ্ডলীকে তাদের নিজস্ব আনতে উৎসাহিত করুন;
  - যদি কয়ার/মিউজিক্যাল অনসাম্বলের ক্ষেত্রে সমাবেশে বর্ধিত দূরত্বের সাথে, সদস্যদের বাড়িতে তাদের নিজস্ব গাউন ধুয়ে আনতে, এবং তাদের নিজস্ব যন্ত্রপাতি নিয়ে আসতে উৎসাহিত করুন, যেখানে সম্ভব;
  - ব্যক্তিদের মধ্যে সংস্পর্শ এড়াতে কিছু ধর্মীয় অনুশীলন যেগুলিতে ঐতিহ্যগতভাবে ব্যক্তির মধ্যে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগের প্রয়োজন হয় তা পরিবর্তন করুন; এবং/অথবা
  - ফন্ট বা অন্যান্য পানি সম্পর্কিত অংশীদারি সেবা বা আনুষ্ঠানিক কার্যক্রম খালি করুন।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই PPE – যার মধ্যে মুখ আবরণ অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়– কিভাবে যথাযথ ভাবে রাখা যায়, খুলে নেওয়া যায়, পরিষ্কার করা হয় (যেমন প্রযোজ্য), এবং ফেলে দেওয়া যায় সেই বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে।

B. পরিচ্ছন্নতা, পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার সমেত CDC এবং DOH এর প্রস্তাবিত স্বাস্থ্যবিধি এবং স্যানিটেশনের আবশ্যিক শর্তগুলি মেনে চলা হচ্ছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে। দায়বদ্ধ পক্ষকে লগ বজায় রাখতে হবে যাতে তারিখ, সময় এবং পরিচ্ছন্নতার পরিধি অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই সাইটে হাতের পরিচ্ছন্নতা স্টেশন সরবরাহ এবং রক্ষণাবেক্ষণ করতে হবে, নিম্নরূপে:
  - হাত ধোয়ার জন্য: সাবান, উষ্ণ প্রবাহিত পানি, এবং ডিসপোজেবল কাগজের তোয়ালে।
  - স্যানিটাইজারের জন্য: যেসব এলাকায় হাত ধোয়ার সুবিধা উপলভ্য বা বাস্তবিক নয় সেখানে একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে যাতে অন্তত 60% অ্যালকোহল রয়েছে।
  - সকল উপস্থিত ব্যক্তি বা কর্মীদের ব্যবহারের জন্য সমস্ত এলাকা জুড়ে হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে। এটা সুবিধাজনক জায়গায় রাখা উচিত, যেমন প্রবেশ/ প্রস্থান পথ।
- দায়বদ্ধ পক্ষের হ্যান্ড স্যানিটাইজার স্টেশনের কাছে সাইনবোর্ড রাখা উচিত যা নির্দেশ করে যে দৃশ্যমানভাবে ময়লা হাত সাবান এবং পানি দিয়ে ধুয়ে ফেলা উচিত; হ্যান্ড স্যানিটাইজার দৃশ্যমানভাবে ময়লা হাতে কার্যকর নয়।
- দায়বদ্ধ পক্ষের উচিত PPE সহ ময়লা সামগ্রী ফেলার জন্য সুবিধার চারপাশে পাত্রের ব্যবস্থা করা।

- দায়বদ্ধ পক্ষকে ভাগাভাগি করা এবং প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলের জন্য উপযুক্ত পরিচ্ছন্নতার/জীবাণুমুক্তকরণ উপকরণ সরবরাহ করতে হবে এবং এই পৃষ্ঠতলের ব্যবহারের আগে এবং পরে অংশগ্রহণকারীদের হাতের পরিচ্ছন্নতা সহ প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করে এই উপকরণ ব্যবহার করতে উত্সাহিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলোকে কেন্দ্র বা ফ্যাসিলিটিটি নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও নিয়মিত পরিষ্কার এবং জীবানুমুক্ত করতে হবে। পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ কঠোর এবং চলমান হতে হবে এবং অন্তত প্রতিটি সার্ভিসের পরে হতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
  - দায়িত্বশীল দলগুলোকে বিশ্রামকক্ষ নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। ব্যবহারের পরিমাণের উপর নির্ভর করে বিশ্রামকক্ষ আরো ঘন ঘন পরিষ্কার করা উচিত।
    - যেখানে সম্ভব সেখানে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই বিশ্রামকক্ষের ধারণ ক্ষমতা হ্রাস করে দূরত্ব বিধিমালা পালন নিশ্চিত করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে শেয়ারকৃত বস্তুগুলো নিয়মিত ভাবে রেজিস্টার্ড জীবাণুনাশক ব্যবহার করে জীবাণুমুক্ত কতা হয়, যার মধ্যে অন্তত প্রতি সার্ভিসের পর জীবাণুমুক্তকরণ অন্তর্ভুক্ত। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা ব্যবহার করুন।

- যদি পরিষ্কার বা জীবাণুমুক্তকরণ পণ্য বা পরিষ্কার এবং জীবাণুনাশক কাজ নিরাপত্তা ব্যাহত করে বা উপাদান বা ধর্মীয় সামগ্রীর ক্ষতি করে, তাহলে দায়বদ্ধ পক্ষকে ব্যবহারের মধ্যবর্তী সময়ে হাতের জীবাণুমুক্তকরণ এলাকার ব্যবস্থা করতে হবে এবং/অথবা তাদের ফেলে দেওয়া যায় এমন গ্লাভস সরবরাহ করতে হবে এবং/অথবা এমন সামগ্রী ব্যবহারকারী ব্যক্তির সংখ্যা সীমিত করতে হবে।
- দায়বদ্ধ পক্ষকে কোন ব্যক্তির COVID-19 শনাক্ত হওয়ার ক্ষেত্রে উন্মুক্ত এলাকার পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এই ধরনের পরিচ্ছন্নতার অন্তর্ভুক্ত হবে, অন্তত সব অধিক লোক চলাচল এলাকা এবং উচ্চ-স্পর্শ পৃষ্ঠতলের (যেমন পিউ, ধর্মীয় পুস্তক, সংগ্রহ প্লেট, রেলিং, দরজা এবং অন্যান্য) ইত্যাদি পরিষ্কার।

- যদি কারোর COVID-19 সংক্রমণের সন্দেহ অথবা নিশ্চয়তা থাকে, তাহলে, "আপনার প্রতিষ্ঠানকে পরিষ্কার এবং তার জীবাণুমুক্তকরণ" (Cleaning and Disinfecting Your Facility) সম্পর্কিত CDC-এর নির্দেশিকাগুলি হল:
  - যে ব্যক্তি অসুস্থ তার ব্যবহৃত এলাকা বন্ধ করুন।
    - দায়বদ্ধ পক্ষকে অপারেশন বন্ধ করতে হবে না, যদি তারা ক্ষতিগ্রস্ত এলাকা বন্ধ করতে পারে।
  - এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
  - পরিষ্কার বা জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। যদি 24 ঘন্টা সম্ভব না হয়, তাহলে যতক্ষণ সম্ভব অপেক্ষা করুন।
  - অসুস্থ ব্যক্তি দ্বারা ব্যবহৃত সকল এলাকা যেমন অফিস, বাথরুম, সাধারণ এলাকা, এবং ভাগাভাগি করা সরঞ্জাম পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।
  - একবার এলাকা যথাযথভাবে জীবাণুমুক্ত করা হয়ে গেলে, এটি ব্যবহারের জন্য খোলা যেতে পারে।
    - অসুস্থ ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগ ছাড়া যে কেউ সংক্রমণের পর পরই এলাকায় ফিরে যেতে পারেন।
    - "ঘনিষ্ঠ বা কাছাকাছি" যোগাযোগ সম্পর্কে তথ্যের জন্য DOH এর "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
  - অসুস্থ ব্যক্তির প্রদর্শন বা সুবিধা ব্যবহারের পর যদি সাত দিনের বেশি সময় অতিবাহিত হয়, তাহলে অতিরিক্ত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ করা উচিত।

- শেষকৃত্য সম্পর্কিত সেবার জন্য, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই CDC নির্দেশিকা "স্বতন্ত্র ব্যক্তি এবং পরিবারের জন্য শেষকৃত্য সম্পর্কিত নির্দেশিকা" অনুযায়ী COVID-19 নিশ্চিত বা সন্দেহভাজন মৃত ব্যক্তির মৃতদেহ স্পর্শ, আলিঙ্গন বা চুম্বন নিষিদ্ধ করতে“হবে।

- ভাগাভাগি করা খাবার ও পানীয় নিষিদ্ধ করুন (যেমন বুফে ধাঁচের খাবার)।

D. পর্যায়ক্রমিকভাবে পুনরায় শুরু করা

- দায়বদ্ধ পক্ষকে উৎপাদন বা উৎপাদন কার্যক্রম স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে অপারেশনাল বিষয়গুলোর সমস্যা সমাধানের লক্ষ্যে পুনরায় খোলার কার্যক্রমটি ধাপে ধাপে করার জন্য উৎসাহিত করা হচ্ছে। দায়বদ্ধ পক্ষের স্টাফ মেম্বার, স্বেচ্ছাসেবকের সংখ্যা, কর্ম ঘন্টা, এবং যখন প্রথম খুলে দেওয়া হয় তখন উপস্থিতির সংখ্যা সীমিত করা বিবেচনা করা উচিত, যাতে পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে অপারেশন চালিয়ে যাওয়া যায়।

D. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষকে তারা স্টেট প্রদত্ত শিল্প নির্দেশিকা পর্যালোচনা করেছেন এবং তা বুঝতে পেরেছেন এবং সেগুলির বাস্তবায়ন নিশ্চিত করবেন সেই নিশ্চয়তা দিতে হবে।
- দায়বদ্ধ পক্ষের উচিত কর্মী, স্বেচ্ছাসেবক এবং উপস্থিতির জন্য একটি যোগাযোগ পরিকল্পনা তৈরি করা যাতে প্রযোজ্য নির্দেশনা, প্রশিক্ষণ, চিহ্ন এবং একটি সামঞ্জস্যপূর্ণ উপায়ে স্টাফ মেম্বারদের তথ্য সরবরাহ করা যায়। দায়বদ্ধ পক্ষ ওয়েবপেজ, টেক্সট এবং ইমেইল গ্রুপ, এবং সামাজিক যোগাযোগ মাধ্যম তৈরি বিবেচনা করতে পারে।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং পরীক্ষা

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই কর্মচারী, বিশ্বাসী নেতা এবং স্বেচ্ছাসেবকদের জন্যবাধ্যতামূলক দৈনিক স্বাস্থ্য পরীক্ষা অনুশীলন বাস্তবায়ন করতে হবে। দায়বদ্ধ পক্ষের অংশগ্রহণকারীদের জন্য ঐচ্ছিক স্বাস্থ্য পরীক্ষা দিতে উৎসাহিত করা উচিৎ।
  - স্ক্রিনিং অনুশীলন দূর থেকে সম্পন্ন করা যেতে পারে (যেমন টেলিফোন বা ইলেকট্রনিক জরিপের মাধ্যমে), ব্যক্তি ভবনে আসার আগে, যতটা সম্ভব; অথবা সাইটে করা যেতে পারে।
  - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে একে অপরের সাথে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগে ব্যক্তিদের মেলামেশা থেকে বিরত রাখার জন্য স্ক্রিনিং সমন্বয় করা উচিত।
  - অন্তত, একটি প্রশ্নপত্র ব্যবহার করে স্ক্রিনিং সম্পন্ন করতে হবে যা নির্ধারণ করে যে ব্যক্তির সাথে নিম্নোক্ত ঘটনা ঘটেছে কি না:

    (a) জেনেশুনে গত 14 দিনে ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন এমন কারও সঙ্গে যিনি COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল লাভ করেছেন বা যার মধ্যে COVID-19 এর লক্ষণ রয়েছে।

    (b) গত 14 দিনে তার COVID-19 শনাক্ত হয়েছে কি না, অথবা

    (c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- COVID-19 এর সাথে সংশ্লিষ্ট উপসর্গ সম্পর্কে সর্বাধিক হালনাগাদকৃত তথ্যের জন্য "করোনাভাইরাসের লক্ষণ" (Symptoms of Coronavirus) সম্পর্কে CDC নির্দেশিকা দেখুন।
- দায়বদ্ধ পক্ষগুলির উচিত ব্যক্তিদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তার পরে।
- প্রতিটি মার্কিন নাগরিকের সমান কর্মসংস্থানের সুযোগ কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা ডিওএইচ (DOH) এর নীতিমালা অনুযায়ী দৈনিক তাপমাত্রা পরীক্ষা করাও হতে পারে। দায়বদ্ধ পক্ষ ব্যক্তিদের স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের রেকর্ড রাখতে পারবে না (যেমন তাপমাত্রা তথ্য)।

- দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে কর্মী স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করছেন, তাপমাত্রা যাচাই সহ, তারা ব্যক্তিগত যত্ন পরিষেবা ফ্যাসিলিটিতে প্রবেশ করা সম্ভাব্য সংক্রামক কর্মী বা দর্শনার্থীদের এক্সপোজার থেকে যথাযথ ভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- একজন ব্যক্তি যার COVID-19 উপসর্গ দেখা যাচ্ছে তাকে ফ্যাসিলিটিতে প্রবেশ করতে দেওয়া উচিৎ নয় এবং তাদের পরীক্ষার জন্য স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার জন্য নির্দেশাবলী দিয়ে বাড়িতে পাঠাতে হবে। দায়বদ্ধ পক্ষকে অবিলম্বে স্থানীয় স্বাস্থ্য বিভাগ ও স্বাস্থ্য বিভাগ (DOH) কে COVID-19 এ আক্রান্ত ব্যক্তি সম্পর্কে অবহিত করতে হবে যদি পরীক্ষার ফলাফল রোগ শনাক্ত করে। দায়বদ্ধ পক্ষকে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্য দিয়ে ব্যক্তিকে সরবরাহ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষের COVID-19 এর সন্দেহভাজন বা নিশ্চিত কেস বা COVID-19 এ আক্রান্ত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগের পর কাজে ফিরে আসতে চাওয়া কর্মচারীদের সংক্রান্ত প্রোটোকল বা পলিসি জানার জন্য "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখা উচিত।

- দায়বদ্ধ পক্ষের উচিত যোগাযোগের একটি কেন্দ্রীয় ব্যক্তি নির্ধারণ করা, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন দ্বারা পরিবর্তিত হতে পারে, যে সকল প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, এই ধরনের যোগাযোগের ব্যক্তিকে সবার জন্য নির্দিষ্ট পার্টি হিসেবে চিহ্নিত করা হয়েছে যাকে তারা পরে COVID-19 সম্পর্কিত উপসর্গ অনুভব করছে কি না তা জানাবে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই একটি সাইট নিরাপত্তা মনিটর মনোনীত করতে হবে যার দায়িত্বের মধ্যে রয়েছে সাইটের নিরাপত্তা পরিকল্পনার সকল দিক সর্বদা মেনে চলা নিশ্চিত করা।

- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত এমন সকল কর্মী ও দর্শনার্থী সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখা, যাদের সমাবেশ সাইট বা এলাকায় অন্যান্য ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে; সেই সকল ডেলিভারি ছাড়া যা উপযুক্ত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর সাথে বা কন্ট্যাক্টলেস মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন কর্মী, স্বেচ্ছাসেবক বা উপস্থিত ব্যক্তি COVID-19 এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাকে জানানো যায়। দায়বদ্ধ পক্ষকে স্থানীয় স্বাস্থ্য বিভাগকে যোগাযোগ শনাক্তকরণ প্রক্রিয়ায় সাহায্য করতে হবে। লগে অংশগ্রহণকারীদের একটি তালিকা বজায় রাখার প্রয়োজন নেই।

- দায়বদ্ধ পক্ষ অংশগ্রহণকারীদের স্বাস্থ্য স্ক্রিন সম্পূর্ণ করতে বা যোগাযোগের তথ্য দিতে বাধ্য করতে পারে না কিন্তু অংশগ্রহণকারীদের তা করতে উৎসাহিত করতে পারে। দায়বদ্ধ পক্ষ অংশগ্রহণকারীদের যোগাযোগের তথ্য প্রদান করার জন্য একটি বিকল্প প্রদান করতে পারে যাতে তাদের লগ রাখা যেতে পারে এবং প্রয়োজনে যোগাযোগ করা যেতে পারে।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়বদ্ধ পক্ষগুলিকে তাদের সাইটে কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে অবশ্যই অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সেই সম্পর্কে অবহিত করতে হবে।

- একজন কর্মী, দর্শনার্থী, বা বিশ্বাস নেতা পরীক্ষায় পজিটিভ হলে দায়বদ্ধ পক্ষকে কর্মক্ষেত্রে সকল যোগাযোগ খুঁজে বের করার জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সহযোগিতা করতে হবে এবং এই ফ্যাসিলিটিতে প্রবেশ করা সকল কর্মী ও দর্শনার্থীদের অবহিত করতে হবে, যারা উক্ত কর্মী COVID- 19 এর লক্ষণগুলি অনুভব করতে শুরু করার বা শনাক্ত হওয়ার 48 ঘন্টা আগে ব্যক্তিগত যত্ন পরিষেবার সংস্পর্শে এসেছে এর মধ্যে যেটি আগে ঘটে থাকুক।

- স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য অধিদপ্তর গৃহ বিচ্ছিন্নতা বা সঙ্গনিরোধ সহ সংক্রমিত বা এক্সপোজড ব্যক্তিদের মনিটরিং ও চলাচলে বিধিনিষেধ বাস্তবায়ন করতে পারে।

- যে সকল ব্যক্তিকে সতর্ক করা হয়েছে যে তারা COVID-19 এর সাথে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগ করেছে, এবং ট্রেসিং, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতির মাধ্যমে সতর্ক করা হয়েছে, তাদের সতর্ক করার সময় তাদের নিয়োগকর্তার কাছে স্ব-প্রতিবেদন করতে হবে এবং উপরে উল্লিখিত প্রোটোকল অনুসরণ করতে হবে।

IV. অপারেটর পরিকল্পনা

দায়বদ্ধ পক্ষকে সাইটে লক্ষণীয়ভাবে নিরাপত্তা পরিকল্পনা প্রদর্শন করতে হবে। COVID-19 ছড়িয়ে পড়া থেকে রক্ষা করার জন্য স্টেট একটি নিরাপত্তা পরিকল্পনা টেমপ্লেট উপলভ্য করেছে, এবং এই ধরনের পরিকল্পনা বিশ্বাস ভিত্তিক প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য অভিযোজিত।

অতিরিক্ত নিরাপত্তা তথ্য, নির্দেশিকা এবং সম্পদ পাওয়া যাবে:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট (New York State Department of Health Novel Coronavirus (COVID-19) Website)
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19)
ওয়েবসাইটhttps://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী কাজ করার বাধ্যবাধকতা পড়েছেন এবং বুঝতে পারছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation